ISO 9001:2015 Certified

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০০৮.২০২৬. ৯৮৫২

তারিখ: ০৪ অগ্রহায়ণ, ১৪৩৩বাং: / ১৯ নভেম্বর, ২০২৬ খ্রি.

" পুনঃনিলাম দরপত্র বিজ্ঞপ্তি"

ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিলামে বিক্রয় যোগ্য নিম্নেবর্ণিত মালামাল (যেখানে যে অবস্থায় আছে এর ভিত্তিতে) নিলামে বিক্রয়ের জন্য নিম্নেবর্ণিত শর্তসাপেক্ষে আগ্রহী ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণের নিকট হতে সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে বিস্তারিত ঠিকানা, স্বাক্ষরসহ সীলমোহরকৃত খামে নিলাম দরপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রঃ নং	মালামাল/আইটেম সমূহের বিবরণ	পরিমাণ (কেজি/টি)	উদ্ধৃত একক মূল্য (টাকা)	উদ্ধৃত মোট মূল্য (টাকা)	নিলাম দরপত্র গ্রহণ ও খোলার সময়সূচী	
					গ্রহণ	খোলা
০১	প্যাকেজিং কাঠ (নষ্ট)	৬৫০০০ কেজি			০৩/১২/২৬খ্রিঃ বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত	০৩/১২/২৬খ্রিঃ বেলা ১২.০৫ ঘটিকায়।
০২	সাদা ও কালো প্লাস্টিক ববিন (নষ্ট)	১০০ টি				
০৩	স্টীল পাতি ও টিনের কৌটা (নষ্ট)	২০০ কেজি				
	সর্বমোট =					

কথায়ঃ----------।

শর্তাবলীঃ

০১। আগ্রহী দরদাতাগণ নির্ধারিত সময়ের মধ্যে সীলমোহরকৃত নিলাম দরপত্র অত্র পবিসের সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবর সাদা কাগজে/নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এ রক্ষিত টেন্ডার বাক্সে জমা প্রদান করতে পারবেন। নির্ধারিত সময়ের পর কোন নিলাম দরপত্র গ্রহণ করা হবে না।

০২। নিলাম দরপত্র ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, মুক্তাগাছা, ময়মনসিংহ এ উপস্থিত দরদাতা/ প্রতিনিধিদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।

০৩। উপরিউক্ত ছকে উল্লিখিত সকল আইটেমের দর উল্লেখ পূর্বক দাখিল করতে হবে। কোন দরদাতা বর্ণিত ০৩টি আইটেমের দর দাখিল না করে আংশিক দর দাখিল করলে দরপত্র গ্রহণযোগ্য হিসেবে বিবেচিত হবে না।

০৪। নিলামে উদ্ধৃত দরের ২৫% হারে নিরাপত্তা জামানত হিসাবে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকুলে যেকোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে নিলাম দরপত্রের সাথে জমা দিতে হবে (যা বিক্রয়াদেশ প্রাপ্ত না হলে ফেরতযোগ্য)। নিরাপত্তা জামানত ব্যতীত কোন দরপত্র গ্রহণ/বিবেচনা করা হইবে না। সর্বোচ্চ দরদাতার দরই গ্রহণযোগ্য হবে। তবে সর্বনিম্ন প্রাক্কলিত দরের নীচে কোন দরপত্র বিবেচনা করা হবে না।

০৫। কৃতকার্য নিলাম দরদাতাকে কার্যাদেশ সংক্রান্ত সিদ্ধান্ত জানানোর তারিখ হতে ১৫ (পনের) দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% মূল্য নগদ/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে পরিশোধ করে মালামাল গ্রহণ করতে হবে। উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।

০৬। খামের উপর নিলাম দরপত্র এবং দরদাতার পূর্ণ ঠিকানা লিখতে হবে।

(অঃপৃঃদ্রঃ)

০৭। কৃতকার্য সর্বোচ্চ দরদরতাকে সরকারী নিয়মানুযায়ী উদ্ধৃত মূল্যের উপর আয়কর এবং ভ্যাটসহ সমুদয় অর্থ পরিশোধ সাপেক্ষে নিজ ব্যয়ে মালামাল গ্রহণ করতে হবে।

০৮। আগ্রহী যে কোন ক্রেতা/প্রতিষ্ঠান/ঠিকাদারগণ বর্ণিত মালামালের দর প্রস্তাবের ক্ষেত্রে উপরের বর্ণনা অনুযায়ী সকল আইটেমের (মালামালের) একত্রে প্রাপ্ত সর্বোচ্চ ও রেসপনসিভ নিলাম দরদাতাকে বিক্রয়াদেশ প্রদান করা হবে।

০৯। বর্ণিত মালামাল সমূহ আগামী ০২/১২/২০২৬খ্রিঃ তারিখ পর্যন্ত প্রতিদিন (ছুটির দিন ব্যতীত) অফিস চলাকালীন সময়ে ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১, মুক্তাগাছা, ময়মনসিংহ হতে পরিদর্শন করা যাবে এবং এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি সংগ্রহ করা যাবে।

১০। শর্ত বহির্ভূত কোন সমস্যার উদ্ভব হলে অত্র পবিস কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১। সমিতি কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ছাড়াই যে কোন/সকল দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করবেন।

২১/১১/২৬

(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি:- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কে: অ:) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার----------পবিস-১/২/৩/৪।
০৬। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ময়মনসিংহ (দ:) ।
০৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
০৮। উপজেলা নির্বাহী অফিসার, মুক্তাগাছা, ময়মনসিংহ।
০৯। ডিজিএম, (সদর-কারিগরী/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল/ধনবাড়ী জোনাল অফিস), মপবিস-১
১০। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/সঃ সেবা/ইএন্ডসি/এইচআর/ওএন্ডএম/আইটি/কালীবাড়ী/আছিম সাঃজোঃঅঃ), মপবিস-১
১১। মেসার্স.....।
১২। এজিএম (আইটি ১/২), ওয়েবসাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১৩। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট: www.pbs1.mymensingh.gov.bd
১৪। অফিস/মাস্টার কপি।

২১/১১/২৬

(প্রকৌ. মোহাম্মদ জোনাব আলী)
সিনিয়র জেনারেল ম্যানেজার